

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
উপজেলা পরিসংখ্যান কার্যালয়
তাড়াইল, কিশোরগঞ্জ।

স্মারক নং- ৫২.০১.৪৮৯২.০০০.২০.০৩-০২

তারিখঃ ১৩/০১/২০২০ খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি


বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নধীন 'জনশুমারি ও গৃহগণনা ২০২১' এর লিস্টিং অপারেশন এবং মূল শুমারির গণনা কার্যক্রমে 'তালিকাকারী/ গণনাকারী ও সুপারভাইজার' পদে নিয়োগের প্যানেল গঠনের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তে শুধুমাত্র তাড়াইল উপজেলা স্থায়ীভাবে বসবাসকারী বেকার যুব/ যুব মহিলা এবং ছাত্র/ ছাত্রীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্র: নং	পদের নাম	প্রাপ্য ভাতাদি (টাকা)	প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা
০১.	সুপারভাইজার	প্রশিক্ষণ: ৪০০/- প্রতিদিন পারিতোষিক: ৮৫০০/- (ড্যাট সহ, মোট)	১) ন্যূনতম স্নাতক পাস হতে হবে। ২) নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে। ৩) স্মার্টফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ্ব হতে হবে। ৪) স্মার্টফোনের স্ক্রীন সাইজ ন্যূনতম ৫.০ (পাচ) ইঞ্চি হতে হবে। ৫) ০১/০২/২০২০ তারিখে বয়স ২৩-৪০ বৎসরের মধ্যে হতে হবে। ৬) সহজে বোধগম্য হাতের লেখার অধিকারী হতে হবে। ৭) উপর্যুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে সুপারভাইজার হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে।
০২.	তালিকাকারী/ গণনাকারী	প্রশিক্ষণ: ৪০০/- প্রতিদিন পারিতোষিক: ৮০০০/- (ড্যাট সহ, মোট)	১) ন্যূনতম এইচএসসি/সমমানের পাস হতে হবে। ২) নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে। ৩) স্মার্টফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ্ব হতে হবে। ৪) স্মার্টফোনের স্ক্রীন সাইজ ন্যূনতম ৫.০ (পাচ) ইঞ্চি হতে হবে। ৫) ০১/০২/২০২০ তারিখে ১৮-৩৫ বয়স বৎসরের মধ্যে হতে হবে। ৬) সহজে বোধগম্য হাতের লেখার অধিকারী হতে হবে। ৭) উপর্যুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে গণনাকারী হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে।

বিঃদ্রঃ উল্লিখিত হার প্রকল্পের বর্তমান ডিপিপি'র বর্ণনা মোতাবেক। তবে ডিপিপি সংশোধিত হলে, জাতীয় স্বার্থে প্রয়োজন দেখা দিলে কিংবা নতুন বিধিমালা জারি বা এই ধরনের ক্ষেত্রে উর্ধ্বতন কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুসারে উক্ত হার পরিবর্তিত হতে পারে।

শর্তাবলীঃ

- উপজেলা পরিসংখ্যান কার্যালয়ের ওয়েবসাইট (bbs.tarail.kishoreganj.gov.bd) থেকে ডাউনলোড করে আবেদনের নির্ধারিত ফরম সংগ্রহপূর্বক স্বহস্তে পূরণ করে আবেদন করতে হবে। এছাড়া আবেদনের নির্ধারিত ফরম জেলা পরিসংখ্যান কার্যালয়ের ওয়েবসাইট (bbs.kishoreganj.gov.bd) থেকেও সংগ্রহ করা যাবে।
- লিস্টিং অপারেশন (ফেব্রুয়ারি/২০২০ মাসে) কার্যক্রমে প্রতি তালিকাকারী ১০ (দশ) দিনে মোট ৪০০ (কেম/বেশী) খানার তালিকা করবেন, মূল শুমারিতে (২-৮ জানুয়ারি-২০২১) প্রতি গণনাকারী ০৭ (সাত) দিনে মোট ১২০ (কেম/বেশী) খানার তথ্য সংগ্রহ করতে হবে।
- লিস্টিং অপারেশন মোবাইল অ্যাপস ব্যবহারপূর্বক তথ্য সংগ্রহ করছে হবে বিধায় নিজস্ব স্মার্টফোন রয়েছে এবং স্মার্টফোন পরিচালনায় দক্ষতা আছে কেবল এমন প্রার্থীগণই আবেদন করতে পারবেন।
- নিয়োগের অন্যান্য শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে মহিলা প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা হবে।
- লিস্টিং অপারেশন/শুমারি চলাকালীন সময়ে প্রার্থী নিজেই অন্য কোন কর্মে নিযুক্ত করতে পারবেন না।
- ভুল বা অসম্পূর্ণ আবেদন ফরম বাতিল বলে গণ্য হবে। একজন ব্যক্তি একটি মাত্র পদে আবেদন করতে পারবেন।
- সকল পদের আবেদন ফরম বন্ধ খামের উপর ডান পার্শ্ব পদের নাম উল্লেখপূর্বক আগামী ২১/০১/২০২০ খ্রিঃ তারিখের মধ্যে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের নির্ধারিত বক্সে সরাসরি অথবা বাহক মারফত অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌঁছাতে হবে।
- প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।
- শুধুমাত্র লিস্টিং অপারেশনের জন্য প্রার্থীদের তালিকা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে। এছাড়াও চূড়ান্ত তালিকা উপজেলা পরিসংখ্যান কার্যালয়ের ওয়েবসাইটেও প্রকাশ করা হবে। একই সাথে মোবাইলে মেসেজ প্রদানের মাধ্যমে জানানো হবে।
- নির্বাচিত প্রার্থী প্রশিক্ষণে অনুপস্থিত থাকলে তিনি কাজ করতে আগ্রহী নন বলে গণ্য হবেন এবং তার নিয়োগ তাৎক্ষণিকভাবে বাতিল হয়ে যাবে।
- মূল শুমারির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের তালিকা যথাসময়ে প্রকাশ করা হবে।
- নিয়োগ সংক্রান্ত বিষয়ে এতদুদ্দেশ্যে গঠিত নিয়োগ কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।


13.1.2020

মোঃ তারেক মাহমুদ
উপজেলা নির্বাহী অফিসার

সভাপতি জনশুমারি ও গৃহগণনা ২০২১ এর
গণনাকারী ও সুপারভাইজার নির্বাচন কমিটি
তাড়াইল, কিশোরগঞ্জ।